# AKASHVANI (AIR)
## RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date: 13.04.24** **Time: 07.50 P.M.**

---

বিশেষ বিশেষ খবর –

১) লোকসভা নির্বাচনের প্রতিটি পর্যায়ে কোনোরকম হিংসা বরদাস্ত করা হবে না বলে স্পষ্ট জানিয়েছে নির্বাচন কমিশন।

ভোটের দিন আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে প্রশাসনকে ঘন্টায় ঘন্টায় রিপোর্ট জমা দেওয়ার নির্দেশ।

২) রাজ্যে জমে উঠেছে নির্বাচনী প্রচার।

৩) পরিচ্ছন্নতা ও গুণগত উৎকর্ষের নিরিখে কলকাতা মেডিকেল সহ রাজ্যের চারটি সরকারি হাসপাতালকে স্বীকৃতি দিয়েছে কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রক।

৪) দমদমের ছাতাকলে মেলাবাগান বস্তিতে অগ্নিকান্ডে ভস্মীভূত অন্তত ১০০ টি ঝুপড়ি। মৃত্যুও হয়েছে বেশ কয়েকটি গবাদি পশুর।

৫) আজ চৈত্র সংক্রান্তি। বাংলা নববর্ষকে বরণ করে নিতে প্রস্তুত আপামর বাঙ্গালী।

৬) কলকাতা সহ দক্ষিণবঙ্গের তাপমাত্রা আগামী কয়েকদিন বেশ কিছুটা বাড়বে বলে পূর্বাভাসে জানিয়েছে আবহাওয়া দপ্তর।

---

লোকসভা নির্বাচনের প্রতিটি পর্যায়ে কোনওরকম হিংসা বরদাস্ত করা হবে না বলে নির্বাচন কমিশন স্পষ্ট ভাষায় জানিয়েছে। এদিন সকাল থেকে কমিশনের কর্তারা প্রথম দফার তিনটি জেলা কোচবিহার, জলপাইগুড়ি এবং আলিপুরদুয়ারের জেলাশাসক, পুলিশ সুপারদের সঙ্গে বৈঠকে বসেন। দিল্লি থেকে ভিডিও কনফারেন্সে সেই বৈঠকে আইন-শৃঙ্খলা নিয়ে জেলাগুলিকে কড়া বার্তা দেওয়া হয়েছে বলে কমিশন সূত্রে জানা গেছে। ভোটের সব পর্যায়েই পর্যাপ্ত সংখ্যায় কেন্দ্রীয় বাহিনী মোতায়েন রাখা হবে বলেও কমিশন কর্তারা আশ্বাস দিয়েছেন।

প্রথম দফার নির্বাচনী প্রস্তুতি খতিয়ে দেখার পাশাপাশি ওই তিন জেলার ভোটাররা যাতে নিশ্চিন্তে ভোট দিতে পারেন এবং ভোট শেষ হলে যাতে কোনওরকম হিংসা বা সন্ত্রাস না হয়, সেবিষয়ে কড়া নজর দিতে বলেছে নির্বাচন কমিশন। পুলিশ সুপার এবং কমিশনারদেরকেও নিরপেক্ষভাবে কাজ করার নির্দেশও দেওয়া হয়েছে। ভোটের দিনগুলিতে প্রতি ঘণ্টায় ভোট প্রক্রিয়া কতটা এগোল, কোথায় কী ধরনের আইন-শৃঙ্খলা পরিস্থিতি রয়েছে, তা নিয়ে রিপোর্ট জমা দিতে বলা হয়েছে মুখ্য নির্বাচনী আধিকারিকের কার্যালয়ে। এর পরে সেই রিপোর্ট পাঠানো হবে দিল্লিতে।

--------------------

রাজ্যে আসন্ন লোকসভা নির্বাচনে কেন্দ্রীয় বাহিনীর যথাযথ ব্যবহার নিশ্চিত করতে নির্বাচন কমিশন প্রতি জেলায় একজন করে নোডাল অফিসার নিয়োগের সিদ্ধান্ত নিয়েছে। ঐ আধিকারিক জেলাস্তরে কন্ট্রোল রুমের সঙ্গে সমন্বয় রক্ষা করবেন। আজ রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের তরফে সব জেলাশাসক তথা জেলার নির্বাচনী আধিকারিককে এই মর্মে নির্দেশ পাঠানো হয়েছে। গত ৬ই এপ্রিল দুই বিশেষ পর্যবেক্ষকের সঙ্গে বৈঠকে এ বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হয়েছিল।

--------------------

রাজ্যে প্রথম দুই দফার নির্বাচনের জন্য প্রচার জমে উঠেছে। তৃণমূল কংগ্রেস প্রধান, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ দলীয় প্রার্থীর সমর্থনে ডাবগ্রামে এক নির্বাচনী জনসভায় অংশ নেন। সভামঞ্চ থেকে রাজ্যের বকেয়া মেটানো নিয়ে বিজেপি নেতৃত্বাধীন কেন্দ্রীয় সরকারের তীব্র সমালোচনা করেন তিনি। মুখ্যমন্ত্রী বলেন, গত ৫ বছরে কেন্দ্রীয় সরকার, বাংলা থেকে জিএসটি বাবদ ৬ লক্ষ ৮০ হাজার কোটি টাকা নিয়ে গেলেও রাজ্যের প্রাপ্য মেটাচ্ছে না। বাংলার বিভিন্ন প্রকল্পে দুর্নীতির অভিযোগ তুলে একের পর এক কেন্দ্রীয় টিম পাঠালেও তাতে বিশেষ কোনো লাভ হয়নি বলে কটাক্ষ করেন তৃণমূল নেত্রী। সন্দেশখালিতে অপরাধীদের তাঁর সরকার গ্রেপ্তার করলেও হাথরাস-মণিপুরের মত বিষয়ে কেন্দ্রীয় সরকারের তেমন কোনো ভূমিকা চোখে পড়েনি বলেও তিনি মন্তব্য করেন।

তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জী কোচবিহারে দলীয় প্রার্থীর সমর্থনে আজ রোডশো-তে অংশ নেন। আজ রাজবংশী সম্প্রদায়ের প্রতিনিধিদের সঙ্গে বৈঠক করেন তিনি।

প্রথম দফায় নির্বাচনের আগে শীর্ষ বিজেপি নেতা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ফের রাজ্যে আসছেন। আগামী ১৬ ই এপ্রিল তিনি উত্তর দিনাজপুররে রায়গঞ্জ এবং দক্ষিণ দিনাজপুরে বালুরঘাটে দলীয় প্রার্থীদের সমর্থনে বিজয় সংকল্প সভায় যোগ দেবেন। প্রধানমন্ত্রীর সভাকে কেন্দ্র করে নিরাপত্তার জোরদার বন্দোবস্ত করা হচ্ছে।

জলপাইগুড়ি লোকসভা কেন্দ্রে বিজেপি প্রার্থীর সমর্থনে অভিনেতা মিঠুন চক্রবর্তী আগামীকাল ময়নাগুড়িতে রোড শো করবেন।

আসানসোলে প্রচারে বেরিয়ে আজ বিক্ষোভের মুখে পড়েন কেন্দ্রের বিজেপি নেতা এস এস আলুওয়ালিয়া। এদিন কুলটি বিধানসভা এলাকায় রোড শো ছিল বিজেপি প্রার্থীর। কেন্দুয়াবাজারে পৌঁছতে বেশ কয়েকজন বিজেপি কর্মী সমর্থক দলীয় পতাকা হাতে বিক্ষোভ দেখাতে শুরু করেন।

এদিকে, নির্বাচনী প্রচারে বেরিয়ে আজ রাজ্যের শাসকদলের বাধার মুখে পড়তে হয় প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর রঞ্জন চৌধুরীকে। সকালে বহরমপুর গান্ধী কলোনীতে তাঁকে ঘিরে গো ব্যাক স্লোগান দেওয়া হয়। এক তৃণমূল কংগ্রেস কর্মীর সঙ্গেও তীব্র বাদানুবাদে জড়িয়ে পড়েন অধীর বাবু।

তৃণমূল কংগ্রেস অবশ্য বাধাদানের অভিযোগ অস্বীকার করেছে। এই ঘটনায় ৬ জনকে আটক করেছে বহরমপুর থানার পুলিশ।

এদিকে জলপাইগুড়ি আসনে বামফ্রন্ট মনোনীত সিপিআইএম প্রার্থীর সমর্থনে দলের নেতাকর্মীরা আজ সকালে জলপাইগুড়ি শহরে এক পদযাত্রায় অংশ নেন।

আইএসএফ প্রার্থীর সমর্থনে আগামীকাল মুর্শিদাবাদের জঙ্গিপুরে জনসভা ও রোড শো করবেন বিধায়ক নৌশাদ সিদ্দিকি।

--------------------

রাজ্যে নির্বাচন পরিস্থিতি নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর রঞ্জন চৌধুরী। দলীয় কার্যালয়ে এক সাংবাদিক বৈঠকে তিনি আজ বলেন, কেন্দ্রীয় বাহিনী ছাড়া এরাজ্যের কোনো আসনেই অবাধ, শান্তিপূর্ণ নির্বাচন সম্ভব নয়।

বাইট

রাজ্যে তৃণমূল কংগ্রেস সরকার দুর্নীতিগ্রস্ত বলে উল্লেখ করে অধীর বাবু বলেন, অনুব্রত মন্ডল, জ্যোতিপ্রিয় মল্লিক, শেখ শাহজাহানরা মুখ্যমন্ত্রীর সম্পদ।

--------------------

ISF আসন্ন লোকসভা নির্বাচনে রাজ্যে আরও চারটি আসনে দলীয় প্রার্থীদের নাম ঘোষণা করেছে। জঙ্গিপুর লোকসভা কেন্দ্রে সাজাহান বিশ্বাস, বনগাঁয় দীপক মজুমদার, তমলুক কেন্দ্রে মহিউদ্দিন আহমেদ (মাহি) ও কৃষ্ণনগর লোকসভা আসনে প্রতিদ্বন্দ্বিতা করবেন আজরোজা খাতুন (মণ্ডল)। এটি আইএসএফ-এর তৃতীয় প্রার্থী তালিকা।

--------------------

নিউ দীঘার হোটেল থেকে ধৃত দুই সন্দেহভাজন জঙ্গী আব্দুল মোথিন আহমেদ ত্বহা ও মুসাভির হোসেন শাজিবের ১০ দিনের এনআইএ হেফাজত হয়েছে। আজই তাদের ব্যাঙ্গালুরুর আদালতে তোলা হয়। গতকাল ব্যাঙ্কশাল আদালত থেকে ট্রানজিট রিম্যান্ডে ঐ দুজনকে কর্ণাটকে নিয়ে যাওয়া হয়।

উল্লেখ্য, গত পয়লা মার্চ রামেশ্বরম কাফেতে টাইমার লাগানো বিস্ফোরক রেখে আসে এক ব্যক্তি। ঘন্টা খানেক পর ঘটে বিস্ফোরণ। ঐ ঘটনায় ১০ জন আহত হন। বিস্ফোরণ কান্ডের মূল চক্রী আব্দুল মোথিনই ছিল বলে NIA-র অনুমান।

--------------------

উত্তর চব্বিশ পরগনার সন্দেশখালিতে মানবাধিকার লঙ্ঘনের অভিযোগ গুলির প্রসঙ্গে রাজ্য সরকারের কাছে রিপোর্ট তলব করেছে জাতীয় মানবাধিকার কমিশন। এই নিয়ে কমিশন যে সুপারিশ করেছিল তার প্রেক্ষিতে রাজ্য সরকার কি পদক্ষেপ নিয়েছে

তা আগামী আট সপ্তাহের মধ্যে রিপোর্ট আকারে জমা দিতে হবে বলে কমিশনের তরফে সামাজিক মাধ্যমে জানানো হয়েছে।

--------------------

পরিচ্ছন্নতা ও গুণগত উৎকর্ষের নিরিখে কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রক রাজ্যের চারটি সরকারি হাসপাতালকে স্বীকৃতি দিয়েছে। রাষ্ট্রীয় স্বাস্থ্য মিশনের কোয়ালিটি কন্ট্রোল প্রোগ্রামের অধীনে সাগর দত্ত মেডিকেল কলেজ ও হাসপাতাল, কলকাতা মেডিকেল কলেজ ও হাসপাতাল, রায়গঞ্জ জেলা হাসপাতাল এবং আসানসোল জেলা হাসপাতালের মোট ১৩টি বিভাগ এই বিশেষ স্বীকৃতি পেয়েছে। সেই সুবাদে প্রতিটি বিভাগ আগামী ১ বছর ধরে কেন্দ্রের কাছ থেকে ৯ লক্ষ টাকা করে পাবে। স্বাস্থ্য সচিব নারায়ণস্বরূপ নিগমকে চিঠি দিয়ে কেন্দ্রের অতিরিক্ত স্বাস্থ্য সচিব তথা রাষ্ট্রীয় স্বাস্থ্য মিশনের অধিকর্তা এল এস চাংসান একথা জানিয়েছেন।

--------------------

উত্তর চব্বিশ পরগণার দমদমের ছাতাকলের মেলাবাগান বস্তিতে আজ দুপুরে বিধ্বংসী অগ্নিকান্ডে বহু ঘর ভস্মীভূত হয়েছে। দমকলের ১১টি ইঞ্জিন ঘটনাস্থলে ছুটে যায়। খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে যান দমকলমন্ত্রী সুজিত বসু। তিনি বলেন,

বাইট

এদিকে প্রচারের মধ্যেই এলাকায় অগ্নিকান্ডের খবর পেয়ে সেখানে যান তৃণমূল কংগ্রেস প্রার্থী সৌগত রায়। বিজেপির শীলভদ্র দত্ত এবং সিপিআইএম প্রার্থী সুজন চক্রবর্তী। আগুন বর্তমানে নিয়ন্ত্রণে বলে জানা গেছে।

--------------------

আজ চৈত্র সংক্রান্তি। ১৪৩০ বঙ্গাব্দের শেষ দিন। এদিন বিভিন্ন গ্রামে অনুষ্ঠিত হচ্ছে গাজনের উৎসব।

একটি প্রতিবেদন

--------------------

পয়লা বৈশাখকে প্রথমবার পশ্চিমবঙ্গ দিবস হিসেবে পালন করবে রাজ্যে সরকার। এব্যাপারে নির্বাচন কমিশনের কাছ থেকে প্রয়োজনীয় অনুমতি মিলেছে। মূল অনুষ্ঠানটি আয়োজিত হবে কলকাতার রবীন্দ্র সদনের সামনে ক্যাথিড্রাল রোডে।

এদিকে বামফ্রন্ট আগামীকাল পয়লা বৈশাখে সংবিধান প্রণেতা বাবা সাহেব আম্বেদকারের জন্মদিন উপলক্ষে শোভাযাত্রার আয়োজন করেছে। পাশাপাশি রাজ্যের সর্বত্র আম্বেদকারের মূর্তিতে মাল্যদান করা হবে।

--------------------

প্রতিবারের মতো এবারও আগামীকাল বাংলা নববর্ষে সকালে মোহনবাগান, ইস্টবেঙ্গল মাঠে ঐতিহ্যবাহী বার পুজোর আয়োজন করা হয়েছে। নতুন বছরে দলের সাফল্য কামনায় সুদূর অতীত থেকে বার পূজানুষ্ঠানের প্রথা চলে আসছে। প্রাক্তনদের সংগে বর্তমান দলের ফুটবলাররা মাঠে উপস্থিত থাকেন।

--------------------

যুবভারতী ক্রীড়াঙ্গনে আজ আইলিগে তাদের শেষ ম্যাচে মহামেডান স্পোর্টিং দিল্লী এফসির মুখোমুখি হয়েছে। শেষ খবর পাওয়া পর্যন্ত ০-২ গোলে পিছিয়ে মহামেডান।

--------------------

কলকাতা সহ দক্ষিনবঙ্গের তাপমাত্রা আগামী কয়েকদিনে বেশ খানিকটা বাড়বে বলে আলিপুর আবহাওয়া দপ্তর পূর্বাভাস দিয়েছে। আপাতত কোথাও আর বৃষ্টির সম্ভবনা নেই বললেই চলে। বীরভূম, মূর্শিদাবাদ, পশ্চিম বর্ধমান, বাঁকুড়া এবং নদীয়া সহ কয়েকটী জেলায় স্থানীয় ভাবে বজ্রগর্ভ মেঘ থেকে সামান্য ঝড় বৃষ্টি হলেও তাপমাত্রার ওপর কোন প্রভাব পড়বে না। তবে উত্তরবঙ্গে বৃষ্টির সম্ভাবনা রয়েছে। হিমালয় সংলগ্ন তিন জেলায় আগামী বুধবার পর্যন্ত কমবেশী বৃষ্টি হবে।

কলকাতায় আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা স্বাভাবিকের চেয়ে ১ ডিগ্রি বেশি ৩৬ দশমিক ৯ ডিগ্রি সেলসিয়াস রেকর্ড করা হয়েছে। সকালে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬ দশমিক ৫ ডিগ্রী সেলসিয়াস যা স্বাভাবিকের থেকে ১ ডিগ্রী বেশী।

-------------------- --------------------